

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৩০, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ, ২৯শে সেপ্টেম্বর ২০০২ইং/১৪ই আশ্বিন ১৪০৯ বাং

এস,আর,ও নং ২৬৫ আইন/২০০২।—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও-১৯২-আইন/২০০২, তারিখ-১৩ই জুলাই, ২০০২ ইংরেজী মোতাবেক ২৯শে আষাঢ়, ১৪০৯ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য নারায়ণগঞ্জ জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনাতে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার

(৪৩৮৭)

মূল্য ৪ টাকা ১.০০

এতদ্বারা নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ২২ আশ্বিন, ১৪০৯ বাংলা মোতাবেক ৭ অক্টোবর, ২০০২ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি তারাব মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	তারাব	দেবই	১৮৭	১-৫২৫
(২)	তারাব	নোয়াগাঁও	১৮৮	১-১০৫৪
(৩)	তারাব	গন্ধর্বপুর	১৮৯	১-১২০৮
(৪)	তারাব	চরণগন্ধর্বপুর	১৯০	১-৪১৮
(৫)	তারাব	উত্তর রূপসী	১৯১	১-১৫১৯
(৬)	তারাব	তারাব	১৯৪	১-৯৮৫
(৭)	তারাব	দক্ষিণ রূপসী	১৯২	১-৪৪১
(৮)	তারাব	যাত্রামুড়া	১৯৫	১-২৬৫
(৯)	তারাব	টটকা	১৯৬	১-৩২৪
(১০)	তারাব	দীঘিবরাব	১৯৭	১-১৬৩৭
(১১)	তারাব	খাদুন	১৯৮	১-৯২৩
(১২)	তারাব	মৈকুলী	১৯৯	১-৩৮৪
(১৩)	তারাব	সুতালরা	২০০	১-৪২৮
(১৪)	তারাব	বরপা	২০১	১-১৩৪৮
(১৫)	তারাব	আড়িয়াব	২০২	১-৩০০
(১৬)	তারাব	কর্ণগোপ	২০৩	১-১৭০৬
(১৭)	তারাব	তেতলাব	২০৪	১-৬৭৪
(১৮)	তারাব	মাসাব	২০৫	১-৭৮০
(১৯)	তারাব	ঐরাব	২০৬	১-৫৬৯
(২০)	তারাব	নোয়াপাড়া	১৯৩	১-৭৩৩

রষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন সরকার
উপ-সচিব (পৌর)

মোঃ সারোয়ারুজ্জামান (যোগা-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।